

বিশেষ অফার ঘোষণা করেছে কাতার এয়ারওয়েজ

- A Monitor Desk Report

Date: 03 October, 2024



দোহা: ভ্রমণপিপাসুদের জন্য মধ্যপ্রাচ্য, ইউরোপ ও আমেরিকা রুটের ফ্লাইটের রিটার্ন টিকিটে বিশেষ ভাড়ার ঘোষণা দিয়েছে মধ্যপ্রাচ্যভিত্তিক উড়োজাহাজ সংস্থা কাতার এয়ারওয়েজ। তবে শর্ত হিসেবে তারা জানিয়েছে, ২০২৫ সালের মার্চ মাস পর্যন্ত শুধু সুনির্দিষ্ট তারিখের মধ্যেই এই ভাড়ায় যাতায়াত করা যাবে। টিকিট কেটে ফেলতে হবে চলতি বছরের অক্টোবরের ৬ তারিখের মধ্যে।

সোমবার (৩০ সেপ্টেম্বর) কাতার এয়ারওয়েজ জানায়, আকাশপথের যাত্রাকে আরও সুখকর করতে শরৎকালের সেরা অফার নিয়ে এসেছে তারা। তবে শুধু কাতার এয়ারওয়েজের ওয়েবসাইট এবং অ্যাপের মাধ্যমেই টিকিট কাটা যাবে।

এয়ারওয়েজটি জানায়, বিশেষ ভাড়ায় জর্দানের আম্মানে ১ লাখ ৩২ হাজার ৫৪৩ টাকা, যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে ১ লাখ ২৬ হাজার ৫৯৫ টাকা, লস এঞ্জেলসে ১ লাখ ৫৯ হাজার টাকা, যুক্তরাজ্যের লন্ডনে ১ লাখ ২৫ হাজার ৪৯৯ টাকা, ইতালির রোম ১ লাখ ১০ হাজার ৬৫১ টাকা, কুয়েত ১ লাখ ২৪ হাজার ৭৫৬ টাকা, তুরস্কের ইস্তাম্বুল ৯৪ হাজার ৩১৪ টাকা, ফ্রান্সের প্যারিস ১ লাখ ৪ হাজার টাকা, স্পেনের মাদ্রিদ ১ লাখ ৩৭ হাজার টাকায় রিটার্ন টিকিট পাওয়া যাবে।

এদিকে, ছাড় দিলেও টিকিটের সঙ্গে কিছু শর্ত জুড়ে দিয়েছে কাতার এয়ারওয়েজ। তারা জানায়, বিভিন্ন উৎসবসহ ব্ল্যাকআউটের দিনগুলোতে অফারের টিকিট পাওয়া যাবে না। এছাড়া শিশু ও নবজাতকের ভাড়ার ক্ষেত্রে এই ছাড় প্রযোজ্য হবে না।

-B